

# **া** সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৩২

পরিচ্ছেদঃ মুনাফিকের আলামত।

باب مَا جَاءَ فِي عَلاَمَةِ الْمُنَافِق

### আরবী

حَدَّثَنَا أَبُو حَفْصٍ، عَمْرُو بْنُ عَلِيّ حَدَّثَنَا يَحْيَى بْنُ مُحَمَّد بْنِ قَيْسٍ، عَنِ الْعَلاَء بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةً، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " آيَةُ الْمُنَافِقِ ثَلاَثٌ إِذَا حَدَّثَ كَذَبَ وَإِذَا وَعَدَ أَخْلَفَ وَإِذَا اوْتُمِنَ خَانَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا الْمُنَافِقِ ثَلاَثٌ إِذَا حَدَّثَ إِذَا حَدَّثَ كَذَبَ وَإِذَا وَعَدَ أَخْلَفَ وَإِذَا اوْتُمِنَ خَانَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ حَدِيثِ الْعَلاَءِ وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم . وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَأَنسٍ وَجَابِرٍ . حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنْ أَبِي سُهَيْلِ بْنِ مَالِكِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي سُهَيْلِ بْنِ مَالِكِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَة ، عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم نَحْوَهُ بِمَعْنَاهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ أَبِي هُرَيْرَة ، عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم نَحْوَهُ بِمَعْنَاهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ مَعْدِي وَأَبُو سُهُيْلٍ هُوَ عَمُّ مَالِكِ بْنِ أَنَسٍ وَاسْمُهُ نَافِعُ بْنُ مَالِكِ بْنِ أَبِي عَامِرٍ الأَصْبَحِيُ الْخَوْلَانِيُ بْنُ مَالِكِ بْنِ أَبِي عَامِرٍ الأَصْبَحِيُ الْخَوْلَانِيُ .

#### বাংলা

২৬৩২. আবু হাফস ইবন আলী (রহঃ) ..... আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুনাফিকের আলামত হল তিনটি; কথা বললে মিথ্যা বলে, ওয়াদা করলে তা ভঙ্গ করে, তার কছে আমানত রাখা হলে সে খিয়ানত করে।

সহীহ, ঈমান আবী 'উবাইদ পৃঃ ৯৫, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৩১ [আল মাদানী প্রকাশনী]

আলা (রহঃ) এর রিওয়ায়ত হিসাবে হাদীসটি হাসান-গারীব। আবৃ হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে একধিকভাবে এই মর্মে হাদীস বর্ণিত আছে। এই বিষয়ে আবদুল্লাহ্ ইবন মাসউদ, আনাস ও জাবির (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। আলী ইবন হুজর (রহঃ) ... আবৃ হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন। আবৃ সুহায়ল (রহঃ) হলেন মালিক ইবন আনাস (রহঃ) এর পিতৃব্য। তাঁর নাম হল নাফি ইবন মালিক ইবন আবৃ আমির খাওলানী আসবাহী (রহঃ)।



## **English**

#### Narrated Abu Hurairah:

that the Messenger of Allah (ﷺ) said: "The sign of a hypocrite is that whenever he speaks he lies, and whenever he makes a promise he does not fulfill it, and if he is entrusted he betrays."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন